

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।




স্মারক নং-০৭.০৩.০০০০.০১৩.২৮.২০২.২০.৩৪৯

তারিখ: ৩২/০৩/২০২১খ্রি.

অফিস আদেশ

অত্র বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে মাস্কপরাসহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৭১০ তারিখ: ৩০/০৫/২০২০খ্রি. (কপি সংযুক্ত) এর মাধ্যমে জারীকৃত স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার নির্দেশ প্রদান করা হলো।

হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।



(এ কে এম অহিদুজ্জামান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (আইসিইউ ও পরিদর্শন)
ফোন:৯৩৩০১০১-১০৮
ও
সদস্য সচিব কভিড-১৯ কুইক রেসপন্স টিম

স্মারক নং-০৭.০৩.০০০০.০১৩.২৮.২০২.২০.৩৪৯

তারিখ: ৩১/০৩/২০২১খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)/ অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক হিসাব ও পদ্ধতি
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট,(ওয়েবসাইটে/Zimbra mail এ প্রচারের জন্য)
- ৩। সকল সিএএফও/ ডিসিএ / ডিএএফও / ইউএও।
- ৪। পিএস টু সিজিএ
- ৫। নিরীক্ষা ও হিসাবরক্ষন কর্মকর্তা সংস্থাপন শাখা
- ৬। কমান্ডার আনসার।


(এ কে এম অহিদুজ্জামান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (আইসিইউ ও পরিদর্শন)
ফোন:৯৩৩০১০১-১০৮
ও
সদস্য সচিব কভিড-১৯ কুইক রেসপন্স টিম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



তারিখ: ৩০ মে, ২০২০ খ্রিষ্টাব্দ
১৬ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৭১০


বিষয়: দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিত করণ

সূত্র: (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৬৫৫, তারিখ: ১১.০৫.২০২০ খ্রি.
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১০৯, তারিখ: ২৮.০৫.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ১নং স্মারকমূলে দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয় ও অধিনস্থ দপ্তর/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অনুসরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক একটি স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা প্রণয়ন করা হয় এবং তা সংশ্লিষ্টদেরকে পালনের নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ-কে অনুরোধ করা হয়েছিল। উল্লিখিত স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা আংশিক সংশোধন ক্রমে পুনরায় প্রেরণ করা হলো।

০২। ২নং স্মারকমূলে সরকারি সিদ্ধান্তে শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলী এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ/সীমিত করায় করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সংশোধিত স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা সকল মন্ত্রণালয়/বিভাগ/ অধিনস্থ দপ্তর/প্রতিষ্ঠানসহ সরকারী/বেসরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে যথাযথ ভাবে পালনের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে,


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব/সচিব/ ভারপ্রাপ্ত সচিব,.....
মন্ত্রণালয়/বিভাগ.....।
- ২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার,.....।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১১। লাইব্রেরিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা (সংশোধিত):

- (১) অফিস চালু করার পূর্বে অবশ্যই প্রতিটি অফিস কক্ষ/আজিনা/রাস্তাঘাট জীবানুমুক্ত করতে হবে।
- (২) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানে প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের শরীরে তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে।
- (৩) অফিস পরিবহনসমূহ অবশ্যই শতভাগ জীবানুনাশক দিয়ে জীবানুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় পারস্পারিক ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।
- (৪) সার্জিক্যাল মাস্ক শুধু একবার (One time) হিসাবে ব্যবহার করা যাবে। কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে।
- (৫) যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- (৬) খাওয়ার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখতে হবে।
- (৭) প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবানুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।
- (৮) অফিসসমূহে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
- (৯) কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- (১০) কর্মকর্তা/কর্মচারীদের করোনা (COVID-19) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে। ভিজিলেন্স টিম এর মাধ্যমে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে।
- (১১) দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা বুলিয়ে রাখতে হবে।
- (১২) কোন কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন/কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করতে হবে।

